# রংপুর বিভাগের বিএনপি নেতাদের সঙ্গে সাংগঠনিক বৈঠক প্রধানমন্ত্রীর




ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে দলীয় সাংগঠনিক কার্যক্রম আরও জোরদার করতে রংপুর বিভাগের বিভিন্ন জেলার নেতাদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

শনিবার (২৫ জুলাই) বিকেলে রাজধানীর গুলশানে বিএনপির রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক শুরু হয়।

বৈঠকে রংপুর বিভাগের নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট জেলা ছাড়াও রংপুর জেলা ও মহানগর বিএনপির নেতারা অংশ নেন। তৃণমূল পর্যায়ে দলকে আরও সক্রিয় ও সুসংগঠিত করার বিভিন্ন বিষয় নিয়ে সেখানে আলোচনা হয়।

এর আগে ১৮ জুলাই একই ধারাবাহিকতায় রংপুর বিভাগের ঠাকুরগাঁও, পঞ্চগড় ও দিনাজপুর জেলার নেতাদের নিয়ে পৃথক সাংগঠনিক বৈঠক করেছিলেন তারেক রহমান।

শনিবারের বৈঠকে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী আহমেদও উপস্থিত ছিলেন।

LENS ASIA